# বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড


অতিঃ প্রধান প্রকৌশলীর দপ্তর
প্রশিক্ষণ ও মানব সম্পদ উন্নয়ন
পানি ভবন, লেভেল-১
৭২, গ্রীন রোড, ঢাকা।
ফোন ঃ +৮৮ ০২ ২২২২৩০০২২

www.bwdb.gov.bd

OFFICE OF THE ADD. CHIEF ENGINEER
TRAINING & HR DEVELOPMENT
PANI BHABON, Level-1
72, GREEN ROAD, DHAKA.
PHONE +88 02 222230022
e-mail : ctsd.bwdb@gmail.com


স্মারক নং-৪২.০১.০০০০.০২৮.০৬.০০১.২১-৬০৯; তারিখঃ ২৭/০২/২০২২ খ্রিঃ।

**বিগত ২৪/০২/২২ খ্রিঃ তারিখে সকাল ১১.০০ ঘটিকায় অতিরিক্ত প্রধান প্রকৌশলী (পুর), প্রশিক্ষণ ও মানব সম্পদ উন্নয়ন, বাপাউবো মহোদয়ের কক্ষে বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ডের "সেবা প্রদান প্রতিশ্রুতি (Citizen Charter) পরিবীক্ষণ কমিটি" এর তৃতীয় ত্রৈমাসিক সভার কার্যবিবরনী।**

বিগত ২৪/০২/২২ খ্রিঃ তারিখে সকাল ১১.০০ ঘটিকায় অতিরিক্ত প্রধান প্রকৌশলী (পুর), প্রশিক্ষণ ও মানব সম্পদ উন্নয়ন, বাপাউবো মহোদয়ের কক্ষে বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ডের "সেবা প্রদান প্রতিশ্রুতি (Citizen Charter) পরিবীক্ষণ কমিটি" এর তৃতীয় ত্রৈমাসিক সভা অনুষ্ঠিত হয়। উক্ত সভায় সভাপতিত্ব করেন কমিটির আহবায়ক জনাব মোঃ ওয়াহিদ হোসেন, অতিরিক্ত প্রধান প্রকৌশলী (পুর)(চঃদাঃ), প্রশিক্ষণ ও মানব সম্পদ উন্নয়ন এর দপ্তর, বাপাউবো, ঢাকা। সভার উপস্থিতি তালিকা সংযুক্তি-০১। সভার শুরুতে বাপাউবো'র সেবা প্রদান প্রতিশ্রুতি (Citizen Charter) সংক্রান্ত নতুন ফোকাল পয়েন্ট হিসেবে বর্তমান অতিরিক্ত প্রধান প্রকৌশলী (পুর)(চঃদাঃ) মহোদয় জনাব মোঃ ওয়াহিদ হোসেন নিযুক্ত হওয়ায় কমিটির সকল সদস্যবৃন্দ কমিটির আহবায়ক জনাব মোঃ ওয়াহিদ হোসেন, অতিরিক্ত প্রধান প্রকৌশলী (পুর)(চঃদাঃ) মহোদয়কে অভিনন্দন জ্ঞাপন করেন। এরপর সভাপতি মহোদয় মন্ত্রীপরিষদ বিভাগ কর্তৃক জারিকৃত সেবা প্রদান প্রতিশ্রুতি কর্মপরিকল্পনা বাস্তবায়ন ও মূল্যায়ন নির্দেশিকা ২০২১-২২ বিষয়ে আলোচনা করেন এবং বাপাউবো'র ওয়েবসাইটে উক্ত নির্দেশিকা আপলোড/অন্তর্ভুক্তিকরনের আবশ্যকতা উল্লেখ করেন। কমিটির সদস্য সচিব, জনাব ড. মোঃ আবুল বাশার, তত্ত্বাবধায়ক প্রকৌশলী (পুর) মহোদয় বাপাউবো'র মাঠ পর্যায়ের সেবা প্রদান প্রতিশ্রুতি (Citizen Charter) সংক্রান্ত কার্যক্রমের অগ্রগতি পর্যালোচনার জন্য বাপাউবো'র সকল জোনাল প্রধান প্রকৌশলী মহোদয়গণের সমন্বয়ে একটি পর্যালোচনা সভা অদ্য তৃতীয় ত্রৈমাসিকে আয়োজনের বিষয়ে গুরুত্ব আরোপ করেন। উল্লিখিত বিষয়সমূহে কমিটির সকল সদস্য একমত পোষন করেন। এছাড়া পূর্ববর্তী বৈঠকসমূহের গৃহীত কার্যক্রমের অনুসরন ও অগ্রগতি বিষয়ে সভায় আলোচনা হয়। বিগত সভাসমূহের গৃহীত সিদ্ধান্তসমূহ বাস্তবায়িত হওয়ায় কমিটি সন্তোষ প্রকাশ করে। এরই ধারাবাহিকতায় বিগত ২য় ত্রৈমাসিক সভার ২নং গৃহীত সিদ্ধান্ত অনুযায়ী কমিটির সদস্যগণ বাপাউবো'র সেবা প্রদান প্রতিশ্রুতি (Citizen Charter) এর নাগরিক সেবা (২.১), প্রাতিষ্ঠানিক সেবা (২.২) এবং অভ্যন্তরীন সেবা (২.৩)-তে প্রশিক্ষণ পরিদপ্তরের সেবা প্রদান প্রতিশ্রুতি অন্তর্ভুক্তকরনের বিষয়ে সম্মতি প্রকাশ করেন। উল্লিখিত বিষয় সমূহের উপর বিস্তারিত আলোচনা শেষে সকল সদস্যের সম্মতিক্রমে কমিটি নিম্নবর্ণীত সিদ্ধান্ত গ্রহণ করে।

গৃহীত সিদ্ধান্তসমূহঃ

১। মন্ত্রীপরিষদ বিভাগ কর্তৃক জারিকৃত সেবা প্রদান প্রতিশ্রুতি কর্মপরিকল্পনা বাস্তবায়ন ও মূল্যায়ন নির্দেশিকা ২০২১-২০২২ বাপাউবো'র ওয়েবসাইটে আপলোড/অন্তর্ভুক্তিকরন করতে হবে।

২। বাপাউবো'র মাঠ পর্যায়ের সেবা প্রদান প্রতিশ্রুতি সংক্রান্ত কার্যক্রমের অগ্রগতি পর্যালোচনার নিমিত্ত বাপাউবো'র সকল জোনাল প্রধান প্রকৌশলী মহোদয়গণের সমন্বয়ে একটি পর্যালোচনা সভা অদ্য তৃতীয় ত্রৈমাসিকে সুবিধাজনক সময়ে আয়োজন করতে হবে।

৩। বিগত সভার ২নং গৃহীত সিদ্ধান্ত এর ধারাবাহিকতায় বাপাউবো'র সেবা প্রদান প্রতিশ্রুতি (Citizen Charter)-এ প্রশিক্ষণ পরিদপ্তরের প্রাতিষ্ঠানিক, নাগরিক ও অভ্যন্তরীন সেবা প্রদান প্রতিশ্রুতি অন্তর্ভুক্তকরন করতে হবে।

আর কোন আলোচনা না থাকায় উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভাপতি মহোদয় সভার সমাপ্তি ঘোষনা করেন।

27/02/22

(মোঃ ওয়াহিদ হোসেন)
অতিরিক্ত প্রধান প্রকৌশলী (পুর)(চঃদাঃ)
প্রশিক্ষণ ও মানব সম্পদ উন্নয়ন
বাপাউবো, ঢাকা।
ও আহ্বায়ক, উক্ত কমিটি।

H:\Official files\Office Order 2.doc

বিতরন (জ্যেষ্ঠ্যতার ভিত্তিতে নয়)ঃ

১। তত্ত্বাবধায়ক প্রকৌশলী (পুর), ডিজাইন-০১, বাপাউবো, ঢাকা ও সদস্য, সেবা প্রদান প্রতিশ্রুতি পরিবীক্ষণ কমিটি।

২। তত্ত্বাবধায়ক প্রকৌশলী (যান্ত্রিক), ডিজাইন-০৩, বাপাউবো, ঢাকা ও সদস্য, সেবা প্রদান প্রতিশ্রুতি পরিবীক্ষণ কমিটি।

৩। তত্ত্বাবধায়ক প্রকৌশলী (পুর), পরিকল্পনা-১, বাপাউবো, ঢাকা ও সদস্য, সেবা প্রদান প্রতিশ্রুতি পরিবীক্ষণ কমিটি।

৪। সি,এস,ও টু মহাপরিচালক, বাপাউবো, ঢাকা (মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য)

৫। পরিচালক, ভূ-গর্ভস্থ পানিবিজ্ঞান পরিদপ্তর, বাপাউবো, ঢাকা ও সদস্য, সেবা প্রদান প্রতিশ্রুতি পরিবীক্ষণ কমিটি।

৬। পরিচালক, প্রশিক্ষণ পরিদপ্তর, বাপাউবো, ঢাকা ও সদস্য, সেবা প্রদান প্রতিশ্রুতি পরিবীক্ষণ কমিটি।

৭। প্রধান কৃষিতত্ত্ববিদ, প্রধান কৃষিতত্ত্ববিদ এর দপ্তর, বাপাউবো, ঢাকা ও সদস্য, সেবা প্রদান প্রতিশ্রুতি পরিবীক্ষণ কমিটি।

৮। সিস্টেম এনালিস্ট, মানব সম্পদ উন্নয়ন পরিদপ্তর, বাপাউবো, ঢাকা ও সদস্য, সেবা প্রদান প্রতিশ্রুতি পরিবীক্ষণ কমিটি।

৯। অতিঃ পরিচালক, হিসাব রক্ষণ পরিদপ্তর, বাপাউবো, ঢাকা ও সদস্য, সেবা প্রদান প্রতিশ্রুতি পরিবীক্ষণ কমিটি।

১০। নির্বাহী প্রকৌশলী (পুর), বন্যা পূর্বাভাস ও সতর্কীকরণ কেন্দ্র, বাপাউবো, ঢাকা ও সদস্য, সেবা প্রদান প্রতিশ্রুতি পরিবীক্ষণ কমিটি।

১১। তত্ত্বাবধায়ক প্রকৌশলী (পুর),প্রসেসিং পরিদপ্তর, বাপাউবো, ঢাকা ও সদস্য-সচিব, সেবা প্রদান প্রতিশ্রুতি পরিবীক্ষণ কমিটি।

১২। সিনিয়র সিস্টেম এনালিস্ট, কেন্দ্রীয় আইসিটি পরিদপ্তর, বাপাউবো, ঢাকা (কার্যবিবরনীটি বোর্ডের ওয়েবসাইটে সেবা প্রদান প্রতিশ্রুতি সংক্রান্ত সেবাবক্সে আপলোডের জন্য অনুরোধ জানানো হলো)

১৩। ব্যক্তিগত সহকারী, অতিরিক্ত মহাপরিচালক (প্রশাসন), বাপাউবো, ঢাকা।

১৪। অফিস কপি/মাস্টার কপি।

29/02/22

(ড. মোঃ আবুল বাশার)
তত্ত্বাবধায়ক প্রকৌশলী (পুর)
প্রসেসিং পরিদপ্তর
বাপাউবো, ঢাকা
ও
সদস্য-সচিব,উক্ত কমিটি

অনুলিপি-০৩

বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড

"সেবা প্রদান প্রতিশ্রুতি (Citizen Charter) পরিবীক্ষণ কমিটি " এর তৃতীয় ত্রৈমাসিক সভা

তারিখঃ ২৪ ফেব্রুয়ারী, ২০২২ ইং।

স্থানঃ অতিঃ প্রধান প্রকৌশলী (পুর), প্রশিক্ষণ ও মানব সম্পদ উন্নয়ন মহোদয়ের কক্ষ (পানি ভবন, লেভেল-১, রুম-১০৭)

হাজিরা বিবরনী

| নাম ও পদবী | অফিস | স্বাক্ষর |
|---|---|---|
| প্রদীপ কুমার বিশ্বাস, প্রধান [illegible] ঢাকা | প্রধান [illegible] এর দপ্তর, [illegible] ঢাকা | [signature] 28/02/2022 |
| [illegible] অতি. পরিচালক [illegible] | হিসাবরক্ষণ অধিদপ্তর, পানি ভবন, ঢাকা 01552328312 | [signature] 28/2/2022 |
| মো: আব্দুল কাদির | ত: প্রকৌশলী, ডিজাইন সার্কেল-১ [illegible] | [signature] 28/2/2022 |
| মোঃ গোলাম রব্বানী | নির্বাহী প্রকৌশলী ডিজাইন সার্কেল-৩ (পু:) | [signature] 24/02/22 |
| [illegible] | [illegible], HRDM | [signature] 24/02/22 |
| মোঃ আবুল [illegible] SE | Processing, BWDB | [signature] 24/02/22 |
| মো: আব্দুর [illegible] উপ-পরিচালক | [illegible] | [signature] 28.02.22 |
| মেহেদী হাসান তত্ত্বাবধায়ক প্রকৌশলী | FFWC BWDB | Mehedi Hasan 28/02/2022 |
| মোঃ ওবায়দুল [illegible] অতিরিক্ত প্রধান প্রকৌশলী [illegible] | প্রধান প্রকৌশলীর দপ্তর প্রশিক্ষণ ও মানবসম্পদ | [signature] 28/2/22 |
| মোঃ আমিনুল ইসলাম [illegible] পরিচালক (পু:) | প্রশিক্ষণ ও মানবসম্পদ উন্নয়ন | [signature] 28/2/22 |
| | | |
| | | |